# সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দু’ওয়াক্ত সালাত একত্রে আদায়

প্রয়োজনের সময় দু’ওয়াক্ত সালাত একত্রে পড়ার অনুমতি রয়েছে। স্পষ্ট প্রয়োজন ব্যতীত দু ওয়াক্ত সালাত একত্রে আদায় না করা অনেক ‘আলেম মুস্তাহাব বলেছেন। কেননা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুব অল্প সংখ্যকবার ব্যতীত দু’ওয়াক্ত সালাত একত্রে আদায় করেননি। যাদের জন্য কসর করা জায়েয তাদের জন্য দু’ওয়াক্ত সালাত একত্রে আদায়ও জায়েয, তবে যাদের জন্য দু’ওয়াক্ত সালাত একত্রে আদায় জায়েয তাদের সবার জন্য কসর করা জায়েয নয়।

পরের ওয়াক্ত সালাত আগের ওয়াক্তের সাথে পড়া এবং আগের সালাত পরের ওয়াক্তের সাথে পড়া। ব্যক্তির জন্য আগে ও পরে যেভাবে পড়লে অধিক সহজ হয় সেভাবে পড়া উত্তম। কেননা কসরের উদ্দেশ্য হলো সহজতা ও হালকা করা। আর আগে বা পরে আদায়ে উভয় ক্ষেত্রে যদি সমান হয় তাহলে পরের ওয়াক্তের সাথে একত্রে পড়া উত্তম। মুসাফির যখন কোথাও অবস্থান করার জন্য অবতরণ করবে তখন প্রত্যেক ওয়াক্ত সালাত নির্ধারিত সময় আদায় করা সুন্নাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9614

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন